# www.priofaridpur.com



**শ্রীধাম শ্রীঅঙ্গান ( শ্রী শ্রী প্রভু জগদ্বন্ধু সুন্দরের আশ্রম)**

**বাংলা আষাঢ় ১৩০৬ বঙ্গাব্দ**

**শ্রী অঙ্গান, গোয়ালচামট, ফরিদপুর**

মহাবতারী শ্রী শ্রী প্রভু জগদ্বন্ধু সুন্দরের আবির্ভাব ২৮শে এপ্রিল ১৮৭১ বাংলা ১২৭৮ সনের ১৬ বৈশাখ রোজ শুক্রবার। মানবলীলা সংবরণ করেন ১৭ সেপ্টেম্বর ১৯২১। পৈত্রিক নিবাস ফরিদপুর শহর সংলগ্ন গ্রাম গোবিন্দপুর। পিতা-শ্রী দীননাথ ন্যায়রত্ম, মাতা-শ্রীমতী বামাসুন্দরী দেবী। শ্রী শ্রী প্রভু সুন্দরের আবির্ভাব মুর্শিদাবাদ জেলার ডাহাপাড়ায়। কারণ ডাহাপাড়া পিতার কর্মস্থল ছিল। তিনি শ্রীধাম শ্রীঅঙ্গান প্রতিষ্ঠা করেন বাংলা আষাঢ় ১৩০৬ বঙ্গাব্দ রথযাত্রা উৎসবে। শ্রীঅঙ্গানের এ জমি দান করেন ফরিদপুর গোয়ালচামটের শ্রীরামসুন্দর ও শ্রীরাম কুমারমুদি। শ্রীরাম শ্রীঅঙ্গান মহানাম প্রচারের কেন্দ্রে পরিনত হয়। মানবলীলা সংবরণের পরবর্তী মাস বাংলা ১৩২৮ সনের ২ রা কার্তিক হতে শ্রীধাম অঙ্গানে দিবস-রজনী অখন্ড মহানাম কীর্তন অব্যাহত রয়েছে। গোয়ালচামট শ্রী অঙ্গানে ২৪ প্রহর ব্যাপী নাম কীর্তন হয়। প্রতিবছর সপ্তাহব্যাপী নাম কীর্তনসহ জন্মোসব পালিত হয়।